

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুদ্ধ]

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/৮ জুলাই, ২০০৭ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-১৭৪-আইন/২০০৭/৪৮০-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৬ জ্যেষ্ঠ, ১৪১২ বাং মোতাবেক ৯ জুন, ২০০৫ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৩-আইন/২০০৫/৪৪৪-মুসক এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

টেবিল-২ (উৎপাদন পর্যায়ে) এর—

(ক) কলাম (১) এ উল্লিখিত শিরোনাম সংখ্যা ২৪.০২ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ২৪০২.২০.০০ এর বিপরীতে কলাম (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ২৪০২.৯০.১০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

“২৪০২.৯০.১০ হাতে বা অ্যান্ট্রিক পদ্ধতিতে তৈরী ১৭.৬৮”; এবং
তামাকযুক্ত সিগারেট (বিড়ি)

(৬৯৮৯)

মূল্য : টাকা ২.০০

- (খ) কলাম (১) এ উল্লিখিত শিরোনাম সংখ্যা ৩৩.০৪ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৩৩০৪.৯৯.০০ এবং উহার বিপরীতে কলাম (৩) ও কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৩৩০৪.৯৯.০০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

"৩৩০৪.৯৯.০০	(ক) ফীন ক্রীম	শূন্য
	(খ) অন্যান্য	১০"।

২। এই প্রজ্ঞাপন ১৭ই আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/০১ লা জুলাই, ২০০৭ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[বদিউর রহমান]
সচিব